

## ২০১৮-১৯ অর্থবছরে জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর এর উল্লেখযোগ্য কার্যক্রমঃ

ক্রমিক	উল্লেখযোগ্য কার্যক্রম	আমাদের অর্জন
১	গ্রন্থাগার ভবন সংস্কার	গণপূর্ত বিভাগের সহায়তায় ২০১৮-১৯ অর্থবছরে গ্রন্থাগার ভবনের ভেতর ও বাহিরের দেয়াল রং করা, পার্টকদের টয়লেট সম্প্রসারণ এবং পার্টকফের মেঝে টাইলস করা হয়েছে।
২	পুস্তক সংগ্রহ	২০১৮-১৯ অর্থবছরে গণগ্রন্থাগার অধিদপ্তর থেকে ১,১৯২ টি পুস্তক সংগ্রহ করা হয়েছে।
৩	সদস্য সংগ্রহ	গত অর্থবছরে ১৫৬ জন পার্টককে গ্রন্থাগারের সদস্য হিসেবে নিবন্ধিত করা হয়েছে। উল্লেখ্য এপর্যন্ত গ্রন্থাগারের নিবন্ধিত মোট সদস্য সংখ্যা ৬০০ জন
৪	গ্রন্থাগার সেবা	২০১৮-১৯ অর্থবছরে ৬৯,১১৫ জন সেবাগ্রহীতাকে গ্রন্থাগার সেবা(বইপাঠ/পুস্তক লেনদেন/দৈনিক পত্রিকা/সাময়িকী পাঠ/পুরাতন পত্রিকা সেবা) প্রদান করা হয়েছে।
৫	রেফারেন্স সেবা	২০১৮-১৯ অর্থবছরে মোট ৪,০৮১ জন সেবাগ্রহীতাকে রেফারেন্স সেবা প্রদান করেছে।
৬	সম্প্রসারণমূলক সেবা	২০১৮-১৯ অর্থবছরে আটটি (০৮) জাতীয় ও আর্ন্তজাতিক দিবসে মোট চৌদ্দটি (১৪) প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে যেগুলোতে মোট ৫৬৩ জন প্রতিযোগি অংশগ্রহণ করে।
৭	তথ্য-প্রযুক্তি সেবা	গত অর্থবছরে মোট ১,১৯৮ জন সেবা গ্রহীতা গ্রন্থাগার থেকে বিনামূল্যে ইন্টারনেট সেবা গ্রহণ করেছে। এছাড়া সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুক, ইউটিউব ইত্যাদি ব্যবহার করেও গ্রন্থাগার ব্যবহারে আগ্রহ তৈরিতে কাজ করা হচ্ছে।
৮	প্রাতিষ্ঠানিক সেবা	গত ২০১৮-১৯ অর্থবছরে পাঁচটি (০৫) বেসরকারি গ্রন্থাগারকে নিবন্ধন দেয়া হয়েছে।
৯	জাতীয় গ্রন্থাগার দিবস ২০১৯ উদযাপন	যথাযোগ্য মর্যাদায় ০৫ ফেব্রুয়ারি তারিখে দ্বিতীয় জাতীয় গ্রন্থাগার দিবস ২০১৯ উদযাপন করা হয়েছে।
১০	উদ্ভাবনী উদ্যোগ	গত বছর আমাদের উদ্ভাবনী কার্যক্রমের মধ্যে ছিল গ্রন্থাগার চত্বরে ফুলের টব স্থাপন ও ওয়াইফাই ইন্টারনেট সংযোজন।
১১	ক্ষুদ্র-ক্ষুদ্র করনসূচী	এই কারনক্রমের আওতায় গ্রন্থাগার সেবা সম্পর্কিত লিফলেট/প্রচারপত্র বিতরণ, পার্টকফের সৌন্দর্য বৃদ্ধির লক্ষ্যে ম্যাপ ও দেশের ঐতিহাসিক নিদর্শনের ছবি টাঙানো হয়েছে।
১২	গ্রন্থ-প্রদর্শনী	বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষ্যে মোট দুইটি (০২) গ্রন্থ-প্রদর্শনীর আয়োজন করা হয়েছে।
১৩	মেলায় অংশগ্রহণ	চতুর্থ জাতীয় উল্লয়ন মেলা-২০১৮, অমর একুশে বই মেলা-২০১৯, জাতীয় শিশু দিবস-২০১৯ উপলক্ষ্যে আয়োজিত বইমেলা সহ মোট তিনটি (০৩) মেলায় অংশগ্রহণ করা হয়েছে।
১৪	বইপাঠ প্রতিযোগিতা	‘অনলাইনে গ্রন্থাগার ব্যবস্থাপনা ও উল্লয়ন’ শীর্ষক প্রকল্পের আওতায় শেরপুর জেলার পাঁচটি (০৫) উপজেলায় বইপাঠ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে যাতে ১৯৩ জন প্রতিযোগি অংশগ্রহণ করে।
১৫	অনলাইন সেবা	এই সেবার অংশ হিসেবে গ্রন্থাগার অনলাইনে সদস্য ফরম, বেসরকারি গ্রন্থাগার রেজি: ফরম, বিভিন্ন প্রতিযোগিতার ফরম ডাউনলোড সুবিধাসহ গ্রন্থাগার সম্পর্কিত প্রয়োজনীয় সকল তথ্য প্রাপ্তির সুবিধা নিশ্চিত করা হয়েছে।
১৬	সেবা সহজিকরণ	স্যোশাল মিডিয়া (ফেইসবুক) ও ওয়েব পোর্টাল ব্যবহার করে রেফারেন্স সেবা, সাম্প্রতিক তথ্যজ্ঞাপন সেবা, গ্রন্থ-পর্যালোচনা, সেবা-প্রার্থীর অভিযোগ/মতামত গ্রহণ, প্রতিযোগিতার বিজ্ঞপ্তি/ফলাফল/খবর প্রচার করা ইত্যাদি সেবা সহজে প্রদান করা হচ্ছে।
১৭	তথ্য-বাতায়ন হালনাগাদকরণ	জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর এর নিজস্ব ওয়েব-পোর্টাল (publiclibrary.sherpur.gov.bd) প্রতিনিয়ত আপডেট করা হচ্ছে।